

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

www.dme.gov.bd

গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,

ঢাকা-১০০০।



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০১৪.১৮.৬২৬

তারিখ: ১ আশ্বিন ১৪২৭

১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ময়মনসিংহ জেলার ফুলপুর উপজেলাধীন ফুলপুর মহিলা কামিল (এম.এ) মাদ্রাসা নিয়োগ বোর্ডে  
মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি মনোনয়ন প্রদান প্রসঙ্গে।

সূত্র: (১) ফুলপুর মহিলা কামিল (এম.এ) মাদ্রাসা স্মারক নং- ফুলকামা/১২/২০২০ (২) তারিখ: ১৫.০৭.২০২০ খ্রি.

(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- শিম/শাঃ২৪/বিবিধ-২-৮/২০০৮ (অংশ)/২৭৪ তারিখ: ০৯.০৯.২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রসূ (১) নং স্মারকে উল্লিখিত মাদ্রাসার অধ্যক্ষ এর আবেদনের প্রেক্ষিতে সূত্রসূ (২) নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের উপর অর্পিত ক্ষমতা বলে নিম্নবর্ণিত মাদ্রাসায় “উপাধ্যক্ষ” পদে নিয়োগের লক্ষে হকে বর্ণিত কর্মকর্তাকে উক্ত মাদ্রাসার নিয়োগ বোর্ডে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ঢাকা-এর প্রতিনিধি হিসেবে নিম্নলিখিত শর্তে দায়িত্ব পালনের নিমিত্ত মনোনয়ন প্রদান করা হলো-

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	নিয়োগের বিষয়/পদ	প্রতিনিধির নাম
০১.	ফুলপুর মহিলা কামিল (এম.এ) মাদ্রাসা ফুলপুর, ময়মনসিংহ। মোবা: নং- ০১৭১২৪৭৭০৭৬	০১। “উপাধ্যক্ষ” -০১টি (এটি একটি শূন্য পদ) উল্লেখ্য, পদটি জনবল কাঠামো-২০১৮ অনুযায়ী নব সৃষ্টপদ নয়।	মো: সাইফুল ইসলাম উপ- পরিচালক (প্রশাসন) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা। ০১৭১৮-০১৯৪৯০

উল্লেখ্য যে, উপরিউক্ত পদটি জনবল কাঠামো ০৪ ফেব্রুয়ারী, ২০১০-এ প্রণীত, মার্চ, ২০১৩ পর্যন্ত সংশোধিত-তে উল্লিখিত স্টাফ প্যাটার্নভুক্ত পদ।

শর্তাবলী:

- (১) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭১.০৮.০০৮.০৫-৯৪২ (অংশ) তারিখ: ১১.১১.২০১৫ খ্রি: এবং শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০. ০০০০.০৭১.০৮.০০৮.০৫-১০৮১, তারিখ: ৩০.১২.২০১৫ খ্রি: এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণক্রমে নিয়োগ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে।
০২. কোনভাবেই নিয়োগ সংক্রান্ত বর্তমানে বিদ্যমান সর্বশেষ নীতিমালা/বিধি/সাকুলার এর ব্যত্যয় ঘটানো যাবে না।
০৩. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল /পরিপত্রের অনুচ্ছেদ ৬.১ (ক), (খ) (গ), ও (ঘ) এবং প্রযোজ্য অন্যান্য অনুচ্ছেদ মোতাবেক প্যাটার্নভুক্ত শূন্যপদে শিক্ষক/কর্মচারী নিয়োগের জন্য সুপারিশ করবেন। এক্ষেত্রে প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতিপত্র/অধিভুক্তি, সর্বশেষে এমপিও শীট এবং শিক্ষক/কর্মচারীর তালিকা যাচাই করতে হবে। ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখের জনবল কাঠামো সংক্রান্ত নির্দেশিকায় অনুমোদিত পদের অতিরিক্ত কোন পদে নিয়োগ/বাছাই পরীক্ষা গ্রহণে ডি জির প্রতিনিধি হিসাবে অংশ গ্রহণ করা যাবে না।
০৪. শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো/পরিপত্রের অনুচ্ছেদ: ১১ (১) এবং পরিশিষ্ট ঘ” মোতাবেক চাকুরীতে প্রবেশের বয়স সীমা, কাম্য শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিহীন প্রার্থীকে শিক্ষক/কর্মচারী হিসাবে নিয়োগের জন্য সুপারিশ করা যাবে না।
০৫. মহিলা কোটা পূরণের ক্ষেত্রে ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামোর অনুচ্ছেদ: ৯ (নয়) এর গ” এবং তৎপরবর্তীতে জারীকৃত নির্দেশনা (যদি থাকে) পুঞ্জানুপুঞ্জরূপে অনুসরণ করতে হবে।
০৬. প্রতিষ্ঠানের হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি এবং নিয়মিত গভর্নিং বডি/ব্যবস্থাপনা কমিটি বিদ্যমান না থাকলে শিক্ষক-কর্মচারী নিয়োগের সুপারিশ করা যাবে না।
০৭. শিক্ষক/কর্মচারী নিয়োগ সংক্রান্ত বাছাই পরীক্ষা সমন্বিত ফলাফল শীটে অবশ্যই ডি জির প্রতিনিধি হিসেবে তাঁর নাম, পদবী, আইডি নম্বর ও ঠিকানা সম্বলিত সীল ব্যবহার করে তারিখসহ স্বাক্ষর করতে হবে।
০৮. ১৯ জুলাই, ২০১৮ খ্রি: তারিখে জারীকৃত জনবল কাঠামো সংক্রান্ত সংশোধিত পরিপত্রের পরবর্তী কোন সংশোধনী থাকলে তা যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং নিয়োগ যোগ্য পদ ও কমিটি নিয়ে মামলা থাকলে সংশ্লিষ্ট পদে নিয়োগের সুপারিশ করা যাবে না।
০৯. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-এর প্রতিনিধি হিসাবে উপরিউক্ত নির্দেশনাবলী পুঞ্জানুপুঞ্জরূপে প্রতিপালন ব্যতীত বেসরকারি মাদ্রাসায় শিক্ষক/কর্মচারী নিয়োগের সুপারিশ করা হলে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/০৬/২০০৬ তারিখের নং শাঃঃ/মামলা/৮/২৩৩/২০০৬/১১৯১ পরিপত্র মোতাবেক মনোনীত প্রতিনিধির বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
১০. নিয়োগযোগ্য পদটি/পদসমূহ এমপিওভুক্তির যোগ্য না হলে সংশ্লিষ্ট পদে নিয়োগপ্রাপ্ত শিক্ষক/কর্মচারীকে ১০০% বেতন-ভাতা প্রতিষ্ঠান হতে প্রদান করা হবে” শর্তটি ডি জির প্রতিনিধি নিয়োগ পরীক্ষার ফলাফল শীটে এবং মাদ্রাসা কর্তৃপক্ষ নিয়োগ অনুমোদনের রেজুলেশন ও নিয়োগ পত্রে উল্লেখ করবেন।

১১. নিয়োগ সংক্রান্ত কার্য সম্পন্ন করার পর তিনি এ সংক্রান্ত একটি প্রতিবেদন মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর দাখিল করবেন

১২. এ নিয়োগ সম্পন্ন না হওয়া পর্যন্ত ডি.জি মহোদয় কর্তৃক মনোনিত উক্ত প্রতিনিধি বহাল থাকবেন। এ ক্ষেত্রে ডি.জি মহোদয় মনোনয়ন পরিবর্তনের ক্ষমতা সংরক্ষন করেন। উল্লেখ্য যে, মাদ্রাসার কমিটি, অধিভুক্তি, স্বীকৃতি এবং পত্রিকার মেয়াদ উত্তীর্ণের কারণে অথবা অন্য যে কোন কারণে নিয়োগ বোর্ড বাতিল হলে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদানপূর্বক কমিটি, অধিভুক্তি ও স্বীকৃতির কপি এবং প্রয়োজনীয় অন্যান্য সকল কাগজ-পত্রসহ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বরাবর পূণরায় আবেদন করতে হবে। তবে পূর্বের মনোনিত প্রতিনিধিই বহাল থাকবেন।



১৬-৯-২০২০

সফিউদ্দিন আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

মো: সাইফুল ইসলাম

, উপ-

পরিচালক (প্রশাসন)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০১.০১৪.১৮.৬২৬/১

তারিখ: ১ আশ্বিন ১৪২৭

১৬ সেপ্টেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) অধ্যক্ষ, ফুলপুর মহিলা কামিল (এম.এ) মাদ্রাসা ফুলপুর, ময়মনসিংহ।
- ৩) জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
- ৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলপুর, ময়মনসিংহ।
- ৫) অফিস, কপি।



১৬-৯-২০২০

মোঃ আফাজ উদ্দিন

সহকারী পরিচালক